

Section II Scope, Objectives and Methodology

This section provides the information on the scope, objectives, coverage, methodology and the instruments used in Agriculture Census 2019. It may be mentioned that though Agriculture Census, 2019 is the 6th Agriculture Census in the country, yet this census is the second of its kind in the sense that all dwelling households both in rural and urban area were interviewed simultaneously using the same questionnaire.

2.1 Scope and Coverage

Agriculture Census 2019 was a household based and stand - alone country-wide census. Under the purview of this census, the target population was all dwelling households of the country. The Agriculture Census 2019 was a complete count of all agricultural holdings managed by dwelling households. Agricultural holding is a production unit which has a single management, both technically and economically, and engaged in agricultural activities. The scope of this census with reference period to agricultural holding was restricted to the agricultural holdings held and/or operated by the dwelling households at the time of census taking.

2.2 Objectives

The Agriculture Census, 2019 was envisioned with following objectives:
The broad objective of the Agriculture Census, 2019 is to determine the structure and characteristics of agricultural holdings managed by dwelling households. The specific objectives of the Agriculture Census 2019 are as follows:

- i) To conduct the agriculture (crops, fisheries and livestock) census a large scale periodic statistical operation,

অনুচ্ছেদ - ২ পরিধি, উদ্দেশ্য এবং শুমারি পদ্ধতি

এই অনুচ্ছেদে কৃষি শুমারি ২০১৯ এর পরিধি, উদ্দেশ্য, ব্যাপ্তি এবং শুমারি পদ্ধতি সম্পর্কে বর্ণিত হয়েছে। যদিও কৃষি শুমারি ২০১৯ দেশে এ ধরনের ৬ষ্ঠ শুমারি তথাপি একই প্রকল্পত্র ব্যবহারের মাধ্যমে গ্রাম ও শহরের সকল সাধারণ খানাকে সম্পৃক্ত করে গণনা পরিচালনার বিবেচনায় এটি এ ধরনের ২য় শুমারি।

২.১ পরিধি এবং ব্যাপ্তি

কৃষি শুমারি ২০১৯ সমগ্র দেশব্যাপী পরিচালিত একটি খানা ভিত্তিক শুমারি। দেশের সকল সাধারণ (বসবাসাধীন) খানা এই শুমারির আওতাধীন। কৃষি শুমারি ২০১৯ দেশের সাধারণ খানার অধীন সকল কৃষি খানার একটি পূর্ণাঙ্গ গণনা। কৃষি খানা হচ্ছে কারিগরি এবং অর্থনৈতিক ভাবে একক ব্যবস্থাপনায় পরিচালিত কৃষিজ কর্মকাণ্ডে নিয়োজিত একটি উৎপাদন ইউনিট। শুমারি সময়ে সাধারণ খানার অধীনে শুধুমাত্র কৃষিকাজে নিয়োজিত কৃষি খানাকে শুমারি পরিধিতে বিবেচনা করা হয়েছে।

২.২ উদ্দেশ্য

কৃষি শুমারি ২০১৯ এর উদ্দেশ্য নিম্নরূপ:

কৃষি শুমারি ২০১৯ এর প্রধান উদ্দেশ্য ছিল দেশে সকল বসবাসাধীন খানার অধীন কৃষি খানার কাঠামো এবং বৈশিষ্ট্য নিরূপণ করা। অন্যান্য বিশেষ উদ্দেশ্যসমূহ হচ্ছে-

১. কৃষি শুমারি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) সম্পাদনের জন্য বৃহৎ পরিসরে একটি পর্যায়ক্রমিক পরিসংখ্যানিক কার্যক্রম পরিচালনা করা, যার ভিত্তিতে স্বল্পতম সময়ের মধ্যে

- based on which the comprehensive reports will be made available to the users in shortest possible time;
- ii) To determine the structure and related characteristics of agriculture sector by providing statistical data on land utilization with other characteristics, area under fish cultivation and other related information, agricultural machineries and transports, use of fertilizers and other agricultural inputs etc.
 - iii) To provide benchmark data needed for formulating agricultural development programmes for agriculture sector and for evaluating progress;
 - iv) To provide basic frames of households and operational holdings for carrying out future surveys on crops, fisheries and livestock subsector;
 - v) To find a basis for developing an integrated programme for current agricultural statistics;
 - vi) To provide statistics that will enable to observe the structural changes in agriculture sector (crops, fisheries and livestock) over the years ;
 - vii) To facilitate in formulation of the necessary government policies and programme for the benefit of the rural poor, small and marginal farm households(crops, fisheries and livestock and poultry) and rural development;
 - viii) To generate agriculture statistics disaggregated by administrative and geographic areas, such as division, district, upazila, union, mouza and rural, urban.

2.3 Use of Agriculture Census Data

a) The findings available from Agriculture Census, 2019 will allow us to make statistical inference about the structure, nature and performance of agriculture sector;

ব্যবহারকারীদের জন্য বিস্তৃত প্রতিবেদন প্রস্তুত করা।

২. কৃষি খাতের কাঠামো এবং এতদসংক্রান্ত বৈশিষ্ট্যসমূহ নিরূপণে ভূমি ব্যবহার, মৎস্য চাষাধীন জমি, কৃষি যন্ত্রপাতি ও যানবহন, সারসহ অন্যান্য কৃষি উপকরণের ব্যবহার সংক্রান্ত পরিসংখ্যান সরবরাহ করা;

৩. কৃষি খাতের উন্নয়ন কর্মসূচি প্রণয়ন এবং অগ্রগতি মূল্যায়নের জন্য বেঞ্চমার্ক তথ্য সরবরাহ করা;

৪. ভবিষ্যতে শস্য, মৎস্য এবং প্রাণিসম্পদ উপখাতে জরিপ পরিচালনার জন্য সাধারণ এবং কৃষি খানার তালিকা (ফ্রেম) সরবরাহ করা;

৫. বর্তমান কৃষি পরিসংখ্যান উন্নয়নের জন্য একটি সমন্বিত কর্মসূচি প্রণয়নের ক্ষেত্র বের করা;

৬. কৃষিখাতের (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) কাঠামোগত পরিবর্তন পর্যবেক্ষণে দীর্ঘ মেয়াদী পরিসংখ্যান প্রদানে সহায়তা করা;

৭. গ্রামীণ দরিদ্র, ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের (শস্য, মৎস্য প্রাণিসম্পদ এবং হাঁস-মুরগি) ভাগ্য উন্নয়নে এবং সর্বোপরি গ্রামীণ-উন্নয়নে প্রয়োজনীয় সরকারি নীতি এবং কর্মসূচী প্রণয়নে সহায়তা করা;

৮. পর্যায়ভিত্তিক প্রশাসনিক এবং ভৌগোলিক এলাকা যেমন বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন, মৌজা এবং পল্লি ও শহর এলাকার কৃষি পরিসংখ্যান প্রস্তুত করা।

২.৩ শুমারি উপাত্তের ব্যবহার

ক) কৃষি শুমারি ২০১৯ থেকে প্রাপ্ত ফলাফল পরিসংখ্যানিক সিদ্ধান্ত গ্রহণে এবং কৃষি খাতের প্রকৃতি এবং অবদান নিরূপণে সহায়তা করবে।

খ) টেকসই উন্নয়ন অর্জনের অগ্রগতিসহ

- b) The findings available from this census can be used for monitoring the progress towards the Sustainable Development Goals (SDGs) including poverty analysis and food security;
- c) Agriculture Census would provide current and comprehensive data relating to crop and livestock production for the census year, and this can be useful as a benchmark for improving current crop and livestock statistics.
- d) The findings available from this survey can be used by the policy-makers and planners who have reason to be concerned about the snapshot of the structure and performance of the agriculture sector.
- e) The findings available from this census will provide benchmark on the change of various parameters relating to agriculture sector which have been occurred between Agriculture Census, 2019 and Agriculture Census 2008.

2.4 Methodology

Agriculture Census 2019 was carried out in accordance with the broad guidelines provided by the Food and Agriculture Organization (FAO). This census reflected the recommendations of FAO and other international organizations as this was vital for proper quality and objectiveness of statistical information on agriculture. The Agriculture Census 2019 was carried out on a full count basis throughout the country from 9 -20 June, 2019. In this Census structured and short questionnaires were provided for data collection. The complete enumerated census for the major items of importance provided basic data for small administrative units and served better as a basis for the improvement of current agriculture statistics. The detailed information that would be collected through the sample census is expected to serve as a supplementary source for carrying out in-depth analysis.

দারিদ্র্য এবং খাদ্য নিরাপত্তা পর্যবেক্ষণে শুমারি ফলাফল ব্যবহৃত হতে পারে।

গ) শুমারি বর্ষের শস্য এবং প্রাণিসম্পদ উৎপাদনের হালনাগাদ এবং পূর্ণাঙ্গ উপাত্ত পাওয়া যাবে যা চলতি শস্য এবং প্রাণিসম্পদ পরিসংখ্যানের উন্নয়নের মাপকাঠির তথ্য হিসাবে ব্যবহার হতে পারে।

ঘ) প্রাপ্ত ফলাফল কৃষিখাতের কাঠামো এবং অবদান সম্পর্কে একনজরে ফলাফল বিশ্লেষণের জটিলতা নিরসনে নীতি নির্ধারক এবং পরিকল্পনা প্রণয়নকারীগণ ব্যবহার করতে পারবেন।

ঙ) কৃষি শুমারি ২০০৮ এবং ২০১৯ এর মধ্যে সৃষ্ট কৃষি খাতের বিভিন্ন সূচকে যে পরিবর্তন হয়েছে শুমারি উপাত্ত এ ক্ষেত্রে তুলনার মাপকাঠির হিসাবে ব্যবহৃত হতে পারে।

২.৪ পদ্ধতি

বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা (এফ এ ও) এর মৌলিক নির্দেশনার আলোকে কৃষি শুমারি ২০১৯ পরিচালিত হয়েছে। এই শুমারিতে এফএও সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থাসমূহের সুপারিশসমূহ প্রতিফলিত হয়েছে যা কৃষি পরিসংখ্যানিক তথ্যের মান এবং অভীষ্টতা পূরণে সহায়তা করবে। দেশব্যাপী ৯ হতে ২০ জুন ২০১৯ সময়কালে পূর্ণ গণনা ভিত্তিতে এই শুমারি কার্যক্রম পরিচালিত হয়েছে। এই শুমারিতে তথ্য সংগ্রহের জন্য সুনির্দিষ্ট এবং সংক্ষিপ্ত প্রশ্নপত্র সরবরাহ করা হয়েছে। পূর্ণাঙ্গ গণনার এই শুমারি ক্ষুদ্র প্রশাসনিক ইউনিট (গণনা এলাকা) ভিত্তিক কৃষি বিষয়ক গুরুত্বপূর্ণ মৌলিক তথ্য প্রদানে সহায়ক যা কৃষি খাতের চলমান উন্নয়ন সম্পর্কে একটি পরিস্কার ধারণা প্রদান করবে। পরবর্তিতে নমুনা শুমারির মাধ্যমে বিস্তারিত তথ্য সংগ্রহ করা হবে যা অন্তর্নিহিত বিশ্লেষণের সম্পূরক উৎস হিসাবে ব্যবহৃত হবে।

2.5 Census Instruments

(a) *Questionnaire*: A structural questionnaire was designed to collect information on agriculture. The questionnaire was pre-tested at the field level to test the relevance and appropriateness of the survey instruments. The questionnaire was then modified and finalized on the basis of the findings available from the pre-testing.

(b) *Training manual*: A comprehensive and operational training manual was developed for enumerators and supervisors. Concepts, definitions, classification used in the census questionnaire were thoroughly explained in the training manual.

2.6 Training of Census Personnel

The enumerators and supervisors who were engaged in data collection at the field level were given intensive and adequate training on the concept, definition and terminologies used in the questionnaire. The enumerators were also trained on mock interview.

2.7 Data Collection at Field Level

Data collection at the field level is the most important part of a census because quality of data collection determines the success of any census and surveys. The following methods and technique were pursued for quality data collection at the field level:

- Educated unemployed youths were hired for collecting data at the field level. They were intensively and adequately trained on the goal and objectives of the census, methodology and the census instruments.

২.৫ শুমারি উপকরণ

ক) প্রশ্নপত্রঃ কৃষি বিষয়ক তথ্য সংগ্রহের নিমিত্ত একটি সুনির্দিষ্ট প্রশ্নপত্র/তফসিল তৈরি করা হয়েছে। এ প্রশ্নপত্র/তফসিল দিয়ে চাহিদামাফিক তথ্য সংগ্রহ করা যাচ্ছে কিনা তা নিশ্চিতকরণকল্পে মাঠ পর্যায়ে যথাযথ পূর্বযাচাই করা হয়েছে এবং এ থেকে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে প্রস্তুতকৃত খসড়া প্রশ্নপত্র চূড়ান্ত করা হয়েছে।

খ) প্রশিক্ষণ ম্যানুয়ালঃ গণনাকারী এবং সুপারভাইজারদের জন্য একটি সুবিন্যাস্ত এবং কার্যকর প্রশিক্ষণ ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে। শুমারি প্রশ্নপত্রে ব্যবহৃত ধারণা, সংজ্ঞা এবং শ্রেণীবিন্যাস অত্যন্ত যত্নসহকারে প্রশিক্ষণ ম্যানুয়ালে বর্ণনা করা হয়েছে।

২.৬ শুমারি জনবলের প্রশিক্ষণ

মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজে নিয়োগকৃত গণনাকারী এবং সুপারভাইজারদের শুমারির ধারণা, সংজ্ঞা এবং ব্যবহৃত প্রশ্নপত্রের টেকনিক্যাল শব্দ সম্পর্কে গণনা কার্যক্রমের পূর্বে নিবিড় এবং পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও গণনাকারীদের মক ইন্টারভিউ এর উপরও প্রশিক্ষণ দেয়া হয়েছে।

২.৭ মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ

মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজটিই হচ্ছে শুমারির সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ কেননা এর উপরই শুমারি এবং জরিপের সফলতা নির্ভর করে। মাঠ পর্যায়ে মানসম্পন্ন তথ্য সংগ্রহের জন্য নিম্নবর্ণিত পদ্ধতি ও কৌশল অনুসরণ করা হয়েছে;

- এলাকার শিক্ষিত বেকারদের মধ্য থেকে গণনাকারী এবং সুপারভাইজার বাছাই করে নিবিড় ও প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন করা হয়েছে।

- Officials from BBS were deployed to supervise data collection at the field level.
- Enumerators conducted face to face interview using structured and pre-coded questionnaire.

- বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীগণকে মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রম সুপারভিশনে সংযুক্ত করা হয়েছে।

- সুনির্দিষ্ট এবং পি-কোডেড প্রশ্নপত্রের মাধ্যমে গণনাকারীগণ সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে তথ্য সংগ্রহ করেছেন।